গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঝিনাইগাতী, শেরপুর
www.jhenaigati.acland.gov.bd

স্মারক নং-৩১.৪.৮৯৩৭.০০০.৫০.০০.০০১.১৮- ০৫

তারিখঃ ২০ পৌষ ১৪৩২
০৪ জানুয়ারি ২০২৬ খ্রি.

**জলমহাল ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একরের নিম্নের আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বন্ধ জলমহালসমূহ সরকারি ''জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা'' ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের ২৩ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩(তিন) বছর (১৪৩৩-১৪৩৫) বঙ্গাব্দ মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্তসাপেক্ষে অনলাইনে http://jm.lams.gov.bd ওয়েব সাইটে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। সরাসরি কোন দরপত্র ক্রয় করা যাবে না।

**নিম্নলিখিত তারিখ ও সময়ে অনলাইনে আবেদন পত্র গ্রহণ/কার্যক্রম গ্রহণ করা হবে**

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে (jm.lams.gov.bd) ইজারার আবেদন আহ্বান। |
| ২. | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ) | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩. | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে ( ০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইগাতী, শেরপুরে দাখিল। |
| ৪. | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে ( ০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫. | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে ( ১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে ( ১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি কাগজাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ( ১৪ এপ্রিল) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়া দেয়া। |

১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দে ইজারাযোগ্য ২০ একর পর্যন্ত সরকারি জলমহাল/খাস পুকুরের তালিকাঃ

| ক্র: নং | ইউনিয়ন ভূমি অফিসের নাম | ইজারাযোগ্য জলমহাল/ খাস পুকুরের নাম | জলমহাল/খাস পুকুরের আয়তন (একর) | বিগত তিন বছরের গড় ইজারামূল্য | সরকারী ইজারামূল্য (বার্ষিক) | ইজারার মেয়াদকাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | নলকুড়া-গৌরিপুর | বনগাঁও খাস পুকুর | ০.৫৪ | - | ৪,০০০/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০২. | ধানশাইল | পানবর খাস পুকুর | ০.৮০ | - | ৬,৫০০/- | ১৪৩৩-১৪৩৫ | |

## শর্তসমূহ

১। বিজ্ঞপ্তি প্রকাশের নির্ধারিত কর্মদিবস (১৫/০১/২০২৬ খ্রি. তারিখ হইতে ২৯/০১/২০২৬ খ্রি. পর্যন্ত) মধ্যে http://jm.lams.gov.bd ওয়েব সাইটে আবেদন করা যাবে।

২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা/মুখবন্ধখামে ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে জানুয়ারি এর পরবর্তী ০৩ কার্যদিবসের (০১/০২/২০২৬ খ্রি. হইতে ০৩/০২/২০২৬ খ্রি.) মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইগাতী, শেরপুরে দাখিল করতে হবে।

৩। দাখিলকৃত আবেদন প্রার্থীত জমহালের বার্ষিক সরকারি মূল্য অপেক্ষা কম হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। অনলাইনে http://jm.lams.gov.bd মাধ্যমে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপির সহিত আবেদন ফরমের মূল্যবাবদ ৫০০/-(পাঁচশত) টাকা অফেরতযোগ্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে কোন তফসিলী ব্যাংক হতে) করতে হবে। উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইগাতী, শেরপুরের অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৪। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি /সমবায় সমিতি যা 'সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত' সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

৫। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ)/ নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির বরাবর দাখিল করবেন।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবেন। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র এবং সাথে বিগত ০৩(তিন) বছরের অডিট রিপোর্ট আবেদনপত্রের সংগে দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৭। যদি সংশিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

৮। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তাহলে উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১০। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

১১। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা' ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৩। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় উপজেলা ভূমি অফিস,ঝিনাইগাতী, শেরপুর হতে জানা যাবে।

১৪। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৪/১/২৫

(মোঃ আশরাফুল আলম রাসেল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইগাতী, শেরপুর।

**স্মারক নং- ৩১.৪৫.৮৯৩৭.০০০.৫০.০০১.২০-** **তারিখঃ** ২০পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারী ২০২৫

অনুলিপি:সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, শেরপুর।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শেরপুর।
৫। উপজেলা .................................... কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর।
৬। চেয়ারম্যান ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), ঝিনাইগাতী, শেরপুর।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ................................... ইউনিয়ন ভূমি অফিস, ঝিনাইগাতী, শেরপুর। তাকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে/মাইকিং করে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। সভাপতি/সম্পাদক.......................... ঝিনাইগাতী, শেরপুর। । বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৯। জনাব.................................................
১০। নোটিশ বোর্ড।

০৪/০১/২০২৬

(অনিন্দিতা রানী ভৌমিক)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইগাতী, শেরপুর।